DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ‧ তৈরি: 16 Aug 2026, 08:08 AM

জাতীয়

# ৫ আগস্টের সরকারি ছুটি পাবেন না যারা

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ০২:৩৮ PM




ছবি সংগৃহীত

‘জুলাই গণ-অভ্যুত্থান দিবস’ উপলক্ষে আগামী ৫ আগস্ট (বুধবার) সরকারি ছুটি থাকলেও সব শ্রেণি-পেশার মানুষ এই ছুটির সুবিধা পাবেন না। জরুরি ও জনসেবামূলক প্রতিষ্ঠানে কর্মরতদের স্বাভাবিক দায়িত্ব পালন করতে হবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০২৬ সালের সরকারি ছুটির তালিকা অনুযায়ী, ৫ আগস্ট (বুধবার) ‘জুলাই গণ-অভ্যুত্থান দিবস’ উপলক্ষে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। এদিনের সঙ্গে বৃহস্পতিবারের ছুটি মিলিয়ে সরকারি চাকরিজীবীদের অনেকেই টানা চার দিনের অবকাশ উপভোগের সুযোগ পাচ্ছেন।

তবে হাসপাতাল ও জরুরি স্বাস্থ্যসেবা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ প্রতিষ্ঠান, বন্দর, বিমানবন্দর, রেলওয়ে, গণপরিবহন, কারাগার, দুর্যোগ ব্যবস্থাপনা এবং অন্যান্য জরুরি সেবার সঙ্গে যুক্ত কর্মকর্তা-কর্মচারীরা এ ছুটির

আওতায় থাকবেন না।

প্রতিষ্ঠানের নির্ধারিত ডিউটি রোস্টার অনুযায়ী এসব প্রতিষ্ঠানের কর্মীদের দায়িত্ব পালন করতে হবে।

এদিকে গত বছরও ৫ আগস্টের সরকারি ছুটিতে দেশের তৈরি পোশাক কারখানাগুলো বন্ধ ছিল। ওই সময় বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) জানিয়েছিল, সরকার ঘোষিত সাধারণ ছুটির সঙ্গে সংহতি প্রকাশ এবং ওই দিনে নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে কারখানা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

তবে চলতি বছর ৫ আগস্টের ছুটির বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত জানায়নি বিজিএমইএ।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে ২৪ ঘণ্টায় ৫১১ জন গ্রেপ্তার**
রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় বিভিন্ন থানায় ৪৯টি মামলা দায়ের ক...

**জুলাইয়ে সড়ক দুর্ঘটনায় নিহত ৪১৮ জন: বিআরটিএ**
গত জুলাই মাসে দেশে ৪৪১টি সড়ক দুর্ঘটনায় ৪১৮ জন নিহত হয়েছেন। এর মধ্যে মোটরসাইকেল দুর্ঘটনায় সবচেয়ে বেশি ১০৯ জন প্রাণ হারিয়েছেন।এসব দুর্ঘটনায় আহ...




### প্রথমবার কিশোরগঞ্জ সফরে প্রধানমন্ত্রী তারেক রহমান

প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার কিশোরগঞ্জ সফর করছেন। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্ব...




### প্রধানমন্ত্রী কিশোরগঞ্জ যাচ্ছেন আজ

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রবিবার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে আসছেন। ঢাকা থেকে সড়কপথে রওয়ানা হয়ে কিশোরগঞ্জ সদর ছাড়াও কটিয়াদী ও পাকুন্দিয়া উপ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/5-agster-srkari-chhuti-paben-na-jara